# AKASHVANI (AIR)

## RNU : KOLKATA

## Bengali Text Bulletin

**Date 05-07-2025** **Time: 7.35 A.M.**

---

বিশেষ বিশেষ খবর –

১) এক সপ্তাহ বন্ধ থাকার পর দক্ষিণ কলকাতার কসবা ল কলেজে আগামী সোমবার ৭ ই জুলাই থেকে আবার ক্লাস শুরু হতে চলেছে।

এদিকে আশুতোষ কলেজ কর্তৃপক্ষ বহিরাগতদের ঢোকার ক্ষেত্রে কড়া নিয়ম চালু করেছে।

২) চাকরি ফেরানোর দাবিতে আজ বিজেপির নতুন রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্যের সঙ্গে দেখা করবেন চাকরিহারা যোগ্য শিক্ষক-শিক্ষিকাদের একাংশ।

৩) কৃষি সংক্রান্ত সমস্যা সমাধানের পর অভিযোগকারী কৃষকের কাছ থেকে 'সন্তুষ্টি শংসাপত্র' লিখিয়ে আনার জন্য কৃষিমন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায় দপ্তরের আধিকারিকদের নির্দেশ দিয়েছেন।

৪) বন্ধ কল কারখানা ও বাগিচা শ্রমিকদের আর্থিক সহায়তা প্রকল্প আরও দ্রুত ও স্বচ্ছভাবে কার্যকর করতে নতুন পোর্টাল চালু করতে চলেছে রাজ্য সরকার।

৫) বরানগর থেকে ব্যারাকপুর পর্যন্ত মেট্রো রেল সম্প্রসারণ প্রকল্প নিয়ে মেট্রো কর্তৃপক্ষের সঙ্গে গতকাল বৈঠক করেন রাজ্যের পুর মন্ত্রী।

৬) আজ উল্টোরথ। জগন্নাথ, বলভদ্র ও সুভদ্রাকে মাসির বাড়ি থেকে মূল মন্দিরে ফিরিয়ে আনার জন্য রাজ্য জুড়ে প্রস্তুতি প্রায় সম্পূর্ণ।

-----------------------------------------------------------------------------------

এক সপ্তাহ বন্ধ থাকার পর দক্ষিণ কলকাতার কসবা ল কলেজে আগামী সোমবার ৭ ই জুলাই থেকে আবার ক্লাস শুরু হতে চলেছে। কলকাতা পুলিশের যুগ্ম কমিশনারের অনুমতি পাওয়ার পর এ ব্যাপারে বিজ্ঞপ্তি জারি করেছেন কলেজের ভাইস প্রিন্সিপাল নয়না চট্টোপাধ্যায়। ক্লাস চালুর সিদ্ধান্তে স্বস্তি ফিরেছে ছাত্রছাত্রীদের মধ্যে।

অন্যদিকে, কসবার এই ঘটনা থেকে শিক্ষা নিয়ে কলেজে বহিরাগতদের ঢোকার ক্ষেত্রে কড়া নিয়ম চালু করেছে কলকাতার আশুতোষ কলেজ কর্তৃপক্ষ।

একটি প্রতিবেদন ( ভি সি সুমন)

এদিকে, দক্ষিণ কলকাতার কসবা ল কলেজে গনধর্ষনের ঘটনার গতকাল পুনর্নির্মাণ করা হয়। কলকাতা পুলিশর সিটের সদস্য ও লালবাজারের গোয়েন্দা বিভাগের আধিকারিকরা মনোজিত মিশ্র সহ আরো তিন অভিযুক্তকে সেখানে নিয়ে গিয়ে ঘটনার পুনরনির্মান করেন। প্রায় চার ঘন্টা বেশী সময় ধরে ঐ কাজের সময় বিশাল পুলিশ বাহিনী এলাকা ঘিরে রাখে।

এর আগে ঐ তরুণীকে ঘটনাস্থলে নিয়ে গিয়ে ঘটনার পুনর্নির্মান করেছিল পুলিশ।

এদিকে পুলিশ নিখুঁতভাবে তদন্তের জন্য গোটা কলেজে থ্রি ডি ম্যাপিং-এর কাজ শুরু করেছে।

অন্যদিকে, গত ২৫ শে জুনের ঐ ঘটনায় নিরাপত্তা রক্ষী পিনাকী বন্দোপাধ্যায়কে পুলিশি হেফাজতের মেয়াদ শেষে আজ ফের আদালতে তোলা হয়।তাকে ৮ ই জুলাই পর্যন্ত পুলিশ হেপাজতে পাঠানো হয়েছে।

এর আগে তিন অভিযুক্ত মনোজিত মিশ্র, প্রমিত মুখোপাধ্যায় ও জইব আহমেদকে ৮ ই জুলাই পর্যন্ত পুলিশ হেফাজতের নির্দেশ দেওয়া হয়।

------------------

ইউজিসির তরফে স্বায়ত্তশাসনের অধিকার পেলো কলকাতার বেহালা কলেজ। চলতি শিক্ষাবর্ষ থেকে আগামী দশ বছরের জন্য কলেজকে স্বায়ত্বশাসনের মর্যাদা দেওয়া হয়েছে বলে ইউজিসির তরফে এক নির্দেশিকায় বলা হয়েছে। এতদিন এই কলেজ কলকাতা বিশ্ববিদ্যালয়ের অধীনে থাকলেও দুই বছর আগে NAAC এর মূল্যায়নে এ++ গ্রেড পাওয়ার পরে স্বশাসনের আবেদন জানায় কলেজ কর্তৃপক্ষ। সম্প্রতি সেই আবেদনে সাড়া দিয়ে কলকাতা বিশ্ববিদ্যালয়কে এক নির্দেশিকার মাধ্যমে ইউজিসি আগামী ৩০ দিনের মধ্যে কলেজকে স্বায়ত্তশাসনের মর্যাদা দেওয়ার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার কথা বলেছে।

-------------------

চাকরি ফেরানোর দাবিতে আজ বিজেপির নতুন রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্যের সঙ্গে দেখা করবেন চাকরিহারা যোগ্য শিক্ষক-শিক্ষিকাদের একাংশ। যোগ্য চাকরিহারা শিক্ষকদের একটি সংগঠনের তরফে সুমন বিশ্বাস জানান, নিজেদের দাবির কথা তাঁরা বিজেপি রাজ্য সভাপতির কাছে তুলে ধরবেন। আইনি লড়াইয়ে চাকরি ফেরানো ছাড়াও ২২ লক্ষ ওএমআর সিটের মিরর ইমেজ প্রকাশ, অযোগ্যদের চাকরি থেকে বরখাস্তের দাবিতে জেলায় জেলায় আন্দোলন চালিয়ে যাচ্ছেন তাঁরা।

-------------------

২০১৬-র যোগ্য চাকরিহারা শিক্ষকরা আন্দোলন করতে গিয়ে বিকাশ ভবনে ভাংচুরের অভিযোগ উঠেছিল। হাইকোর্ট এই সংক্রান্ত মামলায় পুলিশকে তদন্তে তাড়াহুড়ো না করে ' গো স্লো 'র নির্দেশ দেওয়ার পরেও বিধান নগর উত্তর থানা

চাকরিহারা শিক্ষকদের একের পর এক নোটিস পাঠাচ্ছে বলে যোগ্য শিক্ষকরাহাইকোর্টে অভিযোগ করেছেন।

বিচারপতি তীর্থঙ্কর ঘোষের নির্দেশ, যিনি বা যাঁরা এমন নোটিস পেয়েছেন তারা তা খারিজের জন্য আবেদন করতে পারবেন আদালতে ।

অন্যদিকে কোনো আন্দোলনকারী শিক্ষককে নোটিস না দিতে হাইকোর্ট নির্দেশ দেওয়ার পরেও উচ্চ শিক্ষা দপ্তর তাদের নোটিস পাঠাচ্ছে বলেও আদালতে অভিযোগ করেছেন দুই চাকরিহারা শিক্ষক চিন্ময় মন্ডল ও সংগীতা ঘোষ। মামলাকারীদের আইনজীবী রাজদীপ মজুমদার আন্দোকারীদের বিরুদ্ধে দায়ের হওয়া FIR খারিজ করে দেওয়ার দাবি করেন। যদিও এদিন আদালত জানিয়ে দিয়েছে , নোটিস নিয়ে আবেদনের শুনানি করার পরে এই নিয়ে বিবেচনা করা হবে।

-------------------

বিজেপি, ভোট পরবর্তী হিংসায় দলীয় কর্মী অভিজিৎ সরকার হত্যায় মানিকতলার তদানিন্তন বিধায়ক পরেশ পালকে গ্রেফতারের দাবি জানিয়েছে। কলকাতায় এক সাংবাদিক বৈঠকে দলের নেতা, কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার ভোট পরবর্তী হিংসায় পরেশ পাল সহ এই ঘটনায় যুক্ত পুলিশ আধিকারিকদের বিরুদ্ধেও গ্রেপ্তারির দাবি জানিয়েছেন। তিনি বলেন,বিচার ব্যবস্থায় এমন নিদর্শন তৈরি হওয়া উচিত যেখানে কোন রাজনৈতিক দল ভোটে জয়লাভের পর বিরোধী দলের কর্মীদের ওপর আক্রমণ করতে না পারে।

বাইট

এদিকে ভোট পরবর্তী হিংসায় সিবিআইয়ের দায়ের করা মামলায় , মালদায় অভিযুক্ত প্রাক্তন স্কুল শিক্ষক, তৃণমূল কংগ্রেস নেতা রফিকুল

ইসলামকে যাবজ্জীবন কারাদণ্ডে দণ্ডিত করা হয়েছে। অতিরিক্ত দায়রা আদালতের দ্বিতীয় বিচারক রাজীব সাহা এই রায় ঘোষণা করেন। একই সঙ্গে ৫০ হাজার টাকা জরিমানা এবং নির্যাতিতার পরিবারকে তিন লক্ষ টাকা ক্ষতিপূরণ দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে।

ভোট পরবর্তী হিংসায় রাজ্যের মধ্যে এই প্রথম সাজা ঘোষণা। । উল্লেখ্য ২০২১ সালের ৫ই জুন মালদার মানিকচক থানা এলাকায় চতুর্থ শ্রেণীর এক ছাত্রীকে ধর্ষণ করার অভিযোগ উঠেছিল তৃণমূল কংগ্রেস নেতার বিরুদ্ধে। হাইকোর্টের নির্দেশে ৫৫ টি মামলার দায়িত্ব নিয়েছিল সিবিআই। তার মধ্যে প্রথম এই রাজ্যের মালদায় আজ সাজা ঘোষণা হলো। আদালতের এই রায়ে খুশি নির্যাতিতার পরিবার।

-------------------

কৃষি সংক্রান্ত সমস্যা সমাধানের পর অভিযোগকারী কৃষকের কাছ থেকে 'সন্তুষ্টি শংসাপত্র' লিখিয়ে আনার জন্য কৃষিমন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায় দপ্তরের আধিকারিকদের নির্দেশ দিয়েছেন । গতকাল নবান্নে এই সংক্রান্ত এক বৈঠকে তিনি বলেন, যতক্ষণ না এই শংসাপত্র পাওয়া যাচ্ছে, ততক্ষণ সমস্যার সমাধান হয়েছে বলে মেনে নেওয়া হবে না। সমস্যার সমাধানে আধিকারিকদের এবার সরাসরি কৃষকদের কাছে পৌঁছতে হবে। কৃষি সংক্রান্ত সমস্যার সমাধানে কোনওরকম গাফিলতি বরদাস্ত করা হবে না। যে জেলা থেকে অভিযোগ এসেছে, সেখানকার আধিকারিকদের অভিযোগকারীর কাছে গিয়ে দ্রুত সমস্যার সমাধান করতে হবে।

উল্লেখ্য, গতকালের বৈঠকে নাহ্য মূল্যে কৃষকরা যাতে সার পান, তা সুনিশ্চিত করারও নির্দেশ দেওয়া হয়। কেন্দ্রের থেকে রাজ্যে আসা সারের নমুনা পরীক্ষা করে দেখা এবং তা ব্যবহার করে কোনও কৃষক ক্ষতিগ্রস্ত হলে, সার বিক্রেতার কাছ থেকে

২৫ শতাংশ মূল্য নিয়ে কৃষকদের দেওয়ারও নির্দেশ দিয়েছেন কৃষিমন্ত্রী। দপ্তররে সচিব ওঙ্কার সিং মীনাও বৈঠকে উপস্থিত ছিলেন।

------------------

বন্ধ কলকারখানা ও বাগিচা শ্রমিকদের আর্থিক সহায়তা প্রকল্প বা ফাওলাই আরও দ্রুত ও স্বচ্ছভাবে কার্যকর করতে নতুন পোর্টাল চালু করতে চলেছে রাজ্য সরকার। রাষ্ট্রায়ত্ব তথ্যপ্রযুক্তি সংস্থা ওয়েবেলকে এই পোর্টাল তৈরির দায়িত্ব দেওয়া হয়েছে। শ্রম দফতর সূত্রে জানা গেছে, এই উদ্যোগের মাধ্যমে লকআউট, বন্ধ অথবা পরিত্যক্ত কলকারখানার শ্রমিকদের সরকারি সুবিধাপ্রাপ্তি আরও সহজ ও কার্যকর হবে। চা বাগানগুলির ক্ষেত্রে এক মাস বন্ধ থাকলেই শ্রমিকেরা এই আর্থিক সহায়তা পাওয়ার যোগ্য হবেন, অন্যদিকে অন্যান্য শিল্পক্ষেত্রে কমপক্ষে ছয় মাস বন্ধ থাকার শর্ত পূরণ করতে হবে। নতুন পোর্টালে শ্রমিকরা অনলাইন নাম নথিভুক্তিকরণ, যাচাই প্রক্রিয়ার সুযোগ পাবেন। প্রকল্পে অন্তর্ভুক্ত হলে ব্যাঙ্ক অ্যাকাউন্টেই সরকারি ভাতা পাবেন।

------------------

কেন্দ্রীয় বস্ত্র মন্ত্রকের অধীন জাতীয় পাট পর্ষদের উদ্যোগে সুন্দরবনে শুরু হয়েছে সর্বপ্রথম JRCPC প্রশিক্ষণ, চলবে একমাস । এই প্রশিক্ষণ এর মধ্য দিয়ে বেসিক, অ্যাডভান্স ও ডিজাইন ট্রেনিং নিতে পারবে সুন্দরবনের দুস্থ মহিলারা।

অনুষ্ঠানের উদ্বোধন করে জুট কমিশনার মলয় চন্দন চক্রবর্তী বলেন সুন্দরবনে মহিলাদের স্বনির্ভর করার লক্ষ্যকে সামনে রেখে ন্যাশনাল জুট বোর্ডের পক্ষ থেকে এই সর্বপ্রথম একসঙ্গে JRCPC,JRMB,JRO অনুমোদন দেওয়া হয়েছে।

বাইট

কুলতলী মিলন তীর্থ সোসাইটির সঙ্গে যৌথভাবে আয়োজিত এই প্রশিক্ষণ শিবিরে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন সোসাইটির সভাপতি লোকমান মোল্লা, ন্যাশনাল জুট বোর্ডের অ্যাসিস্ট্যান্ট ডাইরেক্টর মৌসুমী পান্ডে, এস বি এই এর ম্যানেজার শুভার্তি দত্ত প্রমুখ।

------------------

দীর্ঘদিন পর বরানগর থেকে ব্যারাকপুর পর্যন্ত মেট্রো রেল সম্প্রসারণ প্রকল্প নিয়ে গতকাল মেট্রো কর্তৃপক্ষের সঙ্গে বৈঠক করেন রাজ্যের পুর ও নগর উন্নয়ন মন্ত্রী, কলকাতা পুর সভার মেয়র ফিরহাদ হাকিম। পুরভবনে প্রাথমিক পর্যায়ের ঐ বৈঠকের পরেও বেশ কিছু জটিলতা রয়ে গেছে বলে মেয়র জানান। সাংবাদিকদের তিনি বলেন, পলতা জল প্রকল্পের অন্তর্গত পলতা থেকে ব্যারাকপুর ,ডানলপ হয়ে টালা পর্যন্ত পরিশ্রুত জল পৌঁছয় টালা জলাধারে। ওই দূরত্বে ভূগর্ভস্থ একাধিক জলের পাইপলাইন রয়েছে। মেট্রো সম্প্রসারণ এর কাজে ভূগর্ভস্থ জলের পাইপলাইন সরানোর প্রয়োজন দেখা দেবে। পাইপলাইন সরাতে গেলে কলকাতা জুড়ে জল সরবরাহের বিরাট সমস্যা তৈরি হবে। সমস্যার সম্মুখীন হবেন কলকাতা বাসী। পাইপলাইন সরানোর কাজে যে বিপুল অর্থ ব্যয় হবে তা কোথা থেকে পাওয়া যাবে সে প্রশ্নও তোলেন তিনি। শহরে জলের প্রবাহ ঠিক রেখে সমগ্র পরিকল্পনা করার ওপরে জোর দেওয়া হচ্ছে বলে মেয়রের দাবি। ভূগর্ভস্থ জলের পাইপ লাইন অপরিবর্তিত রেখে নতুন করে যাতে বরানগর ওব্যারাকপুর মেট্রো সম্প্রসারণ প্রকল্পের রূপরেখা তৈরি করা যায় তা নিয়ে তিনি মেট্রো কর্তৃপক্ষের সঙ্গে ফের বৈঠক করবেন বলেও ফিরহাদ জানিয়েছেন।

উল্লেখ্য, প্রস্তাবিত বরানগর ব্যারাকপুর মেট্রো লাইনের দৈর্ঘ্য প্রায় সাড়ে বারো কিলোমিটার হবে বলে পুরসভা সূত্রে জানা গেছে।

বিভিন্ন জটিলতা র কারণে  এই মেট্রো প্রকল্প এর কাজ দীর্ঘদিন ধরে থমকে রয়েছে।

-------------------

শিয়ালদা ডিভিশনের দমদম স্টেশন সীমানায় সম্পূর্ন রূপান্তরের জন্য আজ রাত ১২ টা ১০ মিনিট থেকে আগামীকাল সকাল ৭ টা ১০ মিনিট পর্যন্ত মোট ৭ ঘণ্টা ডাউন  CCR লাইনে ট্র্যাফিক ব্লকের পরিকল্পনা নেওয়া হয়েছে। এই কারণে ট্রেন চলাচলের নিয়ন্ত্রণ করা হচ্ছে। আজ এক জোড়া শিয়ালদা - ডানকুনি লোকাল বাতিল থাকছে। আগামীকাল বাতিল থাকবে শিয়ালদা নর্থ ও মেন সেকশনে মোট ২৯ টি EMU লোকাল। এছাড়া বেশ কিছু EMU  লোকালের যাত্রা আগামীকাল সংক্ষিপ্ত করা হবে বলে রেল সূত্রের খবর।

-------------------

পূর্ব বর্ধমানের কাটোয়ার রাজুয়াগ্রামে গতরাতে একটি পরিত্যক্ত বাড়িতে এক  ভয়াবহ  বিস্ফোরণে একজনের মৃত্যু হয়েছে, আহত হয়েছেন তিন  জন।  মৃতের পরিচয়  জানা  যায়নি। আহতদের মধ্যে তুফান চৌধুরী নামে একজনকে কাটোয়া হাসপাতালে ভর্তি করা হয়েছে। বাকিরা পলাতক। বিস্ফোরণে বাড়িটির একাংশ ভেঙ্গে পড়ে। স্থানীয় সূত্রে জানা গিয়েছে তুফান  চৌধুরী  নামে ঐ ব্যাক্তি বাইরে থেকে দুষ্কৃতিদের এনে পরিত্যক্ত  বাড়িটিতে বোমা বাঁধছিলেন বলে অভিযোগ। ঐ গ্রামেরও কয়েকজন এই ঘটনার সঙ্গে  যুক্ত বলে মনে করা হচ্ছে। কাটোয়ার মহকুমা পুলিশ আধিকারিক কাশীনাথ মিস্ত্রি জানিয়েছেন পুরো ঘটনা তদন্ত করে দেখা হচ্ছে। এই ঘটনায় এলাকায় আতঙ্ক ছড়িয়েছে।

-------------------

আজ উল্টো রথ। মাসির বাড়িতে আট দিন থাকার পর নবম দিনে শ্রী জগন্নাথ দেব, বলরাম ও সুভদ্রা ফিরে আসবেন তাদের নিজ মন্দিরে।

ওড়িশার পুরীতে জগন্নাথ মন্দিরে প্রত্যাবর্তনের জন্য প্রস্তুত ভগবান জগন্নাথ, বলভদ্র এবং সুভদ্রার তিন রথ। বিভিন্ন আচার অনুষ্ঠানের পর গুন্ডিচা মন্দিরের সামনে থেকে দুপুর নাগাদ যাত্রা শুরু হবে।

পুরীর রথের পাশাপাশি ৬২৯বছরের প্রাচীন ঐতিহ্যবাহী হুগলির মাহেশ, গুপ্তী পাড়া, পূর্ব মেদিনীপুরের মহিষা দল, ইসকন কলকাতা, ইসকন মায়াপুর সহ রাজ্যের বিভিন্ন স্থানে  প্রসিদ্ধ রথ ও  জগন্নাথ বলরাম সুভদ্রা কে নিয়ে ফিরে আসবে মন্দিরে।

কলকাতায়  ইসকন রথ  সকাল দশটায় ব্রিগেড প্যারেড  গ্রাউন্ডে অস্থায়ী মাসির বাড়িতে সকাল দশটায় বহু ভক্তের উপস্থিতিতে পাহান্দি (Pahandi) সম্পন্ন হওয়ার পর দুপুর একটায় উল্টো রথযাত্রার শুরু হবে। আউট রাম  রোড ,জহরলাল নেহেরু রোড ,Dorina ক্রসিং ,পার্ক সার্কাস সেভেন পয়েন্ট ক্রসিং, শেক্সপিয়ার সরণি, হাঙ্গার ফোর্ড স্ট্রিট হয়ে অ্যালবার্ট রোডে ইসকন মন্দিরে রথ ফিরে আসবে।

নদীয়ার মায়াপুর ইসকনের রথযাত্রা উৎসব জাতি ধর্ম বর্ণ নির্বিশেষে  সবার জন্য উন্মুক্ত। মায়াপুর যেহেতু ইসকনের বিশ্বের প্রধান কেন্দ্র তাই এখানে দেশ-বিদেশের হাজার হাজার মানুষ উৎসবে সামিল হন।

মল্লরাজধানী বাঁকুড়ার বিষ্ণুপুরে আজ  ঐতিহ্যবাহী উল্টোরথে প্রায় তিনশো ষাট বছরের প্রাচীন এই রথযাত্রায় মাধবগঞ্জ এগারোপাড়া ষোলআনা ও কৃষ্ণগঞ্জ আটপাড়া ষোলোআনার দুটি রথ শহর পরিক্রমা করবে। মাধবগঞ্জের রথে থাকেন মল্লরাজাদের

প্রতিষ্ঠিত রাধামদনগোপাল জিউ। অন্যদিকে কৃষ্ণগঞ্জের রথে থাকেন রাধালাল জিউ। মাধবগঞ্জের রথের প্রতীক ষাঁড় ও কৃষ্ণগঞ্জের প্রতীক গরুড়ের লড়াই জমে ওঠে দুপক্ষের সুসজ্জিত শোভাযাত্রায়। আলোকসজ্জার পৌরাণিক কাহিনী সহ জাঁকজমকপূর্ণ দুই গোষ্ঠীর শোভাযাত্রা দেখতে জেলা ও বাইরে থেকে হাজার হাজার মানুষ ভিড় জমান। দুই দলের শোভাযাত্রায় রেষারেষি ঠেকাতে ও ভিড় নিয়ন্ত্রনে পুলিশ আজ থেকে বিশেষ বন্দোবস্ত করেছে।

কোচবিহারে গতকাল মদনমোহন ঠাকুরের উল্টো রথযাত্রা অনুষ্ঠিত হয়।

------------------- -------------------